

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের

সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০২৩

পরীক্ষার তারিখ: ৮ ডিসেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

(বিজ্ঞপ্তি)

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০২৩ এর নীলফামারী জেলার পরীক্ষার্থী/সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ৮ ডিসেম্বর ২০২৩ তারিখ সকাল ১০:০০ টায় ৩১টি পরীক্ষা কেন্দ্রে উক্ত পরীক্ষা একযোগে অনুষ্ঠিত হবে।

প্রবেশপত্র ব্যতিরেকে কোন পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না। পরীক্ষা কেন্দ্রে কোন বই, উত্তরপত্র, নোট বা অন্য কোন কাগজপত্র, ক্যালকুলেটর, পেন্সিল, মোবাইল ফোন, ভ্যানিটি ব্যাগ, পার্স, হাত ঘড়ি বা ঘড়ি জাতীয় বস্তু, ইলেকট্রনিক হাত ঘড়ি বা যেকোন ধরনের ইলেকট্রনিক ডিভাইস, যোগাযোগ যন্ত্র বা এ জাতীয় বস্তু সঙ্গে নিয়ে প্রবেশ করতে দেয়া হবে না। কোন পরীক্ষার্থী উল্লিখিত দ্রব্যাদি সঙ্গে নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করলে তাকে তাৎক্ষণিক বহিষ্কারসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

পরীক্ষার্থীগণকে পরীক্ষা কেন্দ্রে সকাল ৯:০০ টায় তার জন্য নির্ধারিত আসন গ্রহণ করতে হবে। সকাল ৯:৩০ টায় পরীক্ষা কেন্দ্রের গেট তালাবদ্ধ করা হবে। লোকজনের ভীড় ও যানজট এড়ানোর জন্য নির্ধারিত সময়ের আগেই পরীক্ষা কেন্দ্রস্থলে পৌঁছার জন্য পরামর্শ দেয়া হলো।

কোন দালালের খপ্পরে পড়বেন না, যতই সে চাকুরির গ্যারান্টি দিয়ে থাকুক; বরং তাকে প্রশাসনের কাছে ধরিয়ে দিন। কারণ পরীক্ষা পরিচালনা কমিটি সর্বোচ্চ স্বচ্ছতার সাথে নিয়োগ পরীক্ষা আয়োজনে নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

পরীক্ষার পূর্ব রাত্রে এবং পরীক্ষার দিন সকল ধরনের বাণিজ্যিক কাজে ব্যবহৃত ফটোকপির দোকান বন্ধ রাখতে হবে।

আদেশক্রমে

জেলা পরীক্ষা পরিচালনা কমিটি

নীলফামারী

জেলা প্রশাসন, নীলফামারী